



প্রকল্প পরিদর্শন নির্দেশিকা

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

জুন ১৯৯৫ খ্রিষ্টাব্দ

আষাঢ় ১৪০২ বঙ্গাব্দ

পরিদর্শনের উদ্দেশ্য

উন্নয়ন পরিকল্পনার সাফল্য নির্ভর করে ইহার কার্যকর ও ফলপ্রসূ বাস্তবায়নের উপর। খাতওয়ারী কার্যক্রম ও প্রকল্পের সময়ানুগ ও সূষ্ঠা বাস্তবায়ন ব্যতীত উন্নয়ন পরিকল্পনার সাফল্যের আশা করা যায় না। এইক্ষেত্রে সূষ্ঠা তদারকি ও দক্ষ ব্যবস্থাপনা বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অন্যতম প্রধান দায়িত্ব হইতেছে বাধিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য সরেজমিনে পরিদর্শন, বাস্তবায়ন জনিত সমস্যা সনাক্তকরণ, সমস্যাসমূহ সমাধানের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন ও সংশ্লিষ্টদের অবহিতকরণ। বাধিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহ সূষ্ঠা বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন, পর্যালোচনা ও মূল্যায়ন করা অপরিহার্য। এই দায়িত্ব সূষ্ঠাভাবে সম্পাদনের উদ্দেশ্যে এই বিভাগের কর্মকর্তাদের জন্য দেশব্যাপী বাধিক উন্নয়ন কর্মসূচীভুক্ত উন্নয়ন প্রকল্প পরিদর্শনের বিধান করা হইয়াছে। পরিদর্শনের আলোকে প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে এই বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহকে অবহিত করে। এই পরিপ্রেক্ষিতে আইএমই বিভাগের কর্মকর্তাদের কার্যাবলীর গুরুত্ব অপরিসীম।

৩. বাস্তবায়নাতীত উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শনের মাধ্যমে একাধিক লক্ষ্য অর্জিত হয়। প্রথমতঃ পরিদর্শনকারী কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে বিরাজমান সমস্যাবলী সম্পর্কে বাস্তব ধারণা লাভ করিতে সক্ষম হন। ইহা তাহাদের অভিজ্ঞতা সমগ্রসারণে সহায়ক এবং অফিসের কাজে বৈচিত্র্য আনয়ন করে। দ্বিতীয়তঃ মাঠ পর্যায়ে পরিদর্শনকালে উন্নয়ন কার্যক্রমে নিয়োজিত বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থার কর্মকর্তা কর্মচারী, জনপ্রতিনিধি ও টার্গেট গ্রুপভুক্ত লোকজন বাস্তবায়নাতীত প্রকল্পের বিভিন্ন সমস্যা ছাড়াও স্থানীয় উন্নয়ন সমস্যা সম্পর্কে পরিকল্পনা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তার সহিত আলোচনার সুযোগ লাভ করেন। তৃতীয়তঃ পরিদর্শনকারী কর্মকর্তাগণ সরেজমিনে পরিদর্শন ও সংশ্লিষ্টদের সহিত আলোচনার মাধ্যমে বাস্তবায়নাতীত প্রকল্পের অগ্রগতিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পের বিরাজমান সমস্যা সম্পর্কে বাস্তব ভিত্তিক তথ্য সংগ্রহ করিতে সক্ষম হন। পরিদর্শন সমাপ্তির পর প্রত্যেক কর্মকর্তা যে রিপোর্ট পেশ করেন তাহাতে সংশ্লিষ্ট প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির সর্বশেষ তথ্য, প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা এবং উহাদের সমাধানকল্পে সুপারিশ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা এবং পরিকল্পনা কমিশনকে অবহিত করা হয়। চতুর্থতঃ মাঠ পর্যায় পরিদর্শনের মাধ্যমে চিহ্নিত উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট সমস্যাবলী এবং প্রস্তাবিত সুপারিশসমূহ মন্ত্রণালয়/বিভাগে অনুষ্ঠিত মাসিক পর্যালোচনা বৈঠকে এবং একনেক এ আলোচিত হয়। আইএমই বিভাগ কর্তৃক নিয়মিত প্রকল্প পরিদর্শন বাধিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখে।

৪। বাধিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহ পরিদর্শনের জন্য নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত অগ্রাধিকার ক্রম অনুসরণ করিতে হইবে :

ক. জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্প অর্থাৎ এডিপিতে সর্বাপেক্ষা অধিক বরাদ্দ প্রাপ্ত এবং জাতীয় গুরুত্বপূর্ণরূপে চিহ্নিত প্রকল্প;

খ. রুগ্ন প্রকল্প অর্থাৎ নির্ধারিত ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি অর্জিত হয় নাই এমন প্রকল্প;

